দৈনিক সংবাদ

তারিখ ... ... ... ... ... ... ...
পৃষ্ঠা ৭ ... কলাম ৬ ...

# বান্ধবীকে নিয়ে পর্নো সিডি তৈরির দায়ে ঢা.বি ছাত্রকে বহিষ্কার

**বিশ্ববিদ্যালয় সংবাদদাতা :** বান্ধবীকে নিয়ে গোপন ক্যামেরায় পর্নো সিডি তৈরি এবং বাজারজাত করার অভিযোগে ঢাকা বিশ্ববিদ্যালয়ের মার্কেটিং বিভাগের ৪র্থ বর্ষের ছাত্র রোকনুজ্জামান রোকনকে বিশ্ববিদ্যালয় থেকে বহিষ্কার করা হয়েছে। রোববার তদন্ত কমিটির রিপোর্টের পরিপ্রেক্ষিতে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ এ সিদ্ধান্ত নেন।

ছাত্রলীগ বঙ্গবন্ধু হল শাখার যুগ্ম সম্পাদক রোকনুজ্জামানের বিরুদ্ধে কয়েক দিন আগে বান্ধবীকে নিয়ে গোপন ক্যামেরায় ধারণ করা পর্নো সিডি বাজারজাতকরণের সংবাদ বিভিন্ন দৈনিকে প্রকাশ হলে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ প্রক্টর ড. মজরুল ইসলামকে প্রধান করে এক সদস্যবিশিষ্ট তদন্ত কমিটি গঠন করে প্রাথমিক তদন্তে অভিযোগ প্রমাণিত হওয়ায় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ তাকে বহিষ্কারের সিদ্ধান্ত নেয়। ছাত্রলীগ বলেছে, রোকনুজ্জামান তাদের কর্মী নয়।

বিশ্ববিদ্যালয় থেকে রোকনকে বহিষ্কার সম্পর্কে প্রতিক্রিয়া জানতে চাইলে ছাত্রলীগের সহ-সভাপতি বলরাম পোদ্দার বলেন, রোকন আমাদের সংগঠনের কেউ নয়। আমরা তার দৃষ্টান্তমূলক শাস্তি দাবি করেছি।